১৭

দৈনিক ইত্তেফাক

তারিখ ... MAR 12 1999 ...
পৃষ্ঠা ৭ কলাম ৫

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

# সমাবর্তন বর্জন করিবে ছাত্র ইউনিয়ন ও ছাত্রদল

চট্টগ্রাম ভার্সিটি রিপোর্টার ॥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রদল ও ছাত্র ইউনিয়ন গতকাল (বৃহস্পতিবার) পৃথক পৃথক সাংবাদিক সম্মেলনে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠান বর্জনের ঘোষণা দিয়াছে। ছাত্রদল বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে বিকালে চট্টগ্রাম প্রেসক্লাবে আয়োজিত সাংবাদিক সম্মেলনে বলা হয়, সমাবর্তন অনুষ্ঠান একটি একাডেমিক অনুষ্ঠান হওয়া সত্ত্বেও বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ পরিষদ একাডেমিক কাউন্সিলে অনুমোদন ছাড়া এবং সাধারণ শিক্ষকদের সহিত আলোচনা ছাড়াই নিছক রাজনৈতিক অভিপ্রায়ে সমাবর্তন অনুষ্ঠানের উদ্যোগ নিয়াছে। ছাত্রদল বিশ্ববিদ্যালয় শাখা সমাবর্তন অনুষ্ঠানের দিন সমার্বতনের সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে কালো পতাকা প্রদর্শন ও মুখে কালো পতাকা বাঁধিয়া বিক্ষোভ প্রদর্শনের কর্মসূচী ঘোষণা করিয়াছে। সাংবাদিক সম্মেলনে সমাবর্তন অনুষ্ঠান বর্জনের ব্যাপারে ১০টি কারণ উল্লেখ করা হয়। সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য উপস্থাপন করেন সুজাউদ্দিন। উপস্থিত ছিলেন নাজিমুর রহমান, মাহবুবুর রহমান শামীম, মোশারফ হোসেন দীপ্তি, ফখরুল ইসলাম প্রমুখ।

ছাত্র ইউনিয়ন বিশ্ববিদ্যালয় শাখা ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি কার্যালয়ে আয়োজিত সাংবাদিক সম্মেলনে বলা হয়, শিক্ষানীতি বাতিল, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের হত্যাকান্ডসমূহের বিচারের দাবীতে সমাবর্তন অনুষ্ঠান বর্জন ও বিক্ষোভ প্রদর্শন করা হইবে। উল্লেখ্য, ইতিপূর্বে ছাত্রশিবির এবং বিশ্ববিদ্যালয় শিক্ষকদের একটি অংশ সমাবর্তন অনুষ্ঠান বর্জনের ঘোষণা দেয়।